

প্রেস রিলিজ

প্রকাশন তারিখ : 2020-07-30



গত

২৫-০৭-২০২০ খ্রিঃ তারিখে বিসিআইসি'র মাননীয় চেয়ারম্যান জনাব মোঃ মোস্তাফিজুর রহমান ও বিসিআইসি পরিচালনা পর্ষদের সম্মানিত পরিচালকবৃন্দ এবং বিসিআইসি'র সচিব মহোদয় ঘোড়াশাল পলাশ ইউরিয়া ফার্টিলাইজার প্রজেক্টের চলমান কাজের অগ্রগতি পরিদর্শন করেন। এ সময় তিনি প্রকল্পের বিভিন্ন বিষয়াদি নিয়ে আলোচনা করেন এবং প্রকল্পের বাস্তব অগ্রগতির বিষয়ে অবগত হন। **মাননীয় চেয়ারম্যান মহোদয় তার সফরকালীন জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্মশতবার্ষিকী (মুজিব বর্ষ) উপলক্ষে প্রকল্প কর্তৃক আয়োজিত বৃক্ষরোপন কর্মসূচীর উদ্বোধন করেন।** অতঃপর প্রকল্পের প্রবেশ মুখের দুটি স্থানে নবনির্মিত দুইটি ফটক উদ্বোধন করেন। বৃক্ষরোপন কর্মসূচী উদ্বোধনকালে তিনি জানান যে, তার পূর্বে প্রদত্ত নির্দেশনা মোতাবেক **মুজিব বর্ষ উপলক্ষে বিসিআইসি'র প্রতিটি প্রতিষ্ঠানে ন্যূনতম এক হাজার চারা গাছ রোপন করা হবে।** তিনি আরও বলেন যে, করোনা মহামারী চলমান থাকলেও সকলকে স্বাস্থ্যবিধি মেনে বিসিআইসি তথা দেশের উন্নয়নের জন্য সকল কর্মকর্তা ও কর্মচারীবৃন্দকে নিরলস পরিশ্রম করে প্রকল্পের কাজ যথা সময়ে শেষ করতে হবে। এছাড়া প্রকল্প বাস্তবায়নের লক্ষ্যে প্রকল্প পরিদর্শনকালীন তিনি বিভিন্ন গুরুত্বপূর্ণ দিক নির্দেশনা প্রদান করেন।

জিপিইউএফপি পরিদর্শন শেষে চেয়ারম্যান মহোদয় ও তার সফর সঙ্গীবৃন্দ প্রকল্প সংলগ্ন বিসিআইসি'র আওতাধীন প্রতিষ্ঠান ট্রেনিং ইনস্টিটিউট ফর কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ (টিআইসিআই) পরিদর্শন করেন। এসময় তিনি তার সফর সঙ্গী সকল পরিচালকবৃন্দ ও বিসিআইসি'র সচিব মহোদয়সহ টিআইসিআই এর বিভাগীয় প্রধানদের সাথে মতবিনিময় সভায় মিলিত হন। সভায় মাননীয় চেয়ারম্যান মহোদয় তার বক্তব্যে বলেন যে, বর্তমান করোনা মহামারী সময়ে টিআইসিআই কর্তৃক ইতোমধ্যে চালুকৃত অনলাইন প্রশিক্ষণের ব্যাপ্তি আরও

সম্প্রসারিত করতে হবে। চেয়ারম্যান মহোদয় স্বনামধন্য প্রশিক্ষণ ইনস্টিটিউট কে সকলের ঐক্যবদ্ধ প্রচেষ্টা ও নিরলস পরিশ্রমের মাধ্যমে বাস্তবধর্মী, উন্নত ও যুগোপযোগী প্রশিক্ষণ প্রদানের ব্যবস্থা গ্রহণ করে প্রচার ও প্রসারের মাধ্যমে প্রতিষ্ঠানটি সুনাম বৃদ্ধির জন্য দিক নির্দেশনা প্রদান করেন। তিনি আশ্বাস প্রদান করেন যে, টিআইসিআই এর মান বৃদ্ধির জন্য বিসিআইসি হতে সার্বিক সহযোগীতা প্রদান করা হবে।